

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৪, ২০০৭

[বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্দের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

প্রজাপন

তারিখ, ২২ ভাদ্র ১৪১৪/০৬ সেপ্টেম্বর ২০০৭

এস, আর, ও নং ২১৭-আইন/২০০৭—যেহেতু জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন, ২০০২ (২০০২ সনের ৮ নং আইন) এর অধীন নিবন্ধিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল এর নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ তথা আয়-ব্যয়ের হিসাব সরেজমিনে পরিদর্শন ও তদন্তের জন্য একটি তদন্ত কমিটি গঠন করা হয় এবং উক্ত কমিটি তদন্ত সম্পন্ন করিয়া প্রতিবেদন দাখিল করিয়াছেন;

যেহেতু, দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনাক্রমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল এর আর্থিক অনিয়ন্ত্রিত উদ্ঘাটিত হইয়াছে এবং উক্তক্রম কার্যক্রম জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর নিকট সন্তোষজনক প্রতীয়মান হয় নাই; এবং

যেহেতু, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল এর মেয়াদ ২ সেপ্টেম্বর, ২০০৭ ইং তারিখে উন্মুক্ত হইয়াছে এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায় বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল এর গঠনতত্ত্ব অনুযায়ী নৃতন নির্বাচন অনুষ্ঠানের অবকাশ নাই;

সেহেতু, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন, ২০০২ (২০০২ সনের ৮ নং আইন) এর ধারা ১৩ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল এর কার্যক্রম পরিচালনা করিবার জন্য নিম্নরূপ একটি এডহক কমিটি গঠন করিল, যথা :—

আহুবায়ক

(ক) জনাব মাসুদ আহমেদ

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট;

(৮০৬৭)

মূল্য : টাকা ২.০০

সদস্যগুলি

- (খ) জনাব মোঃ হাবিবুর রহমান
 (উপ-সচিব)
 পরিচালক (অর্থ)
 বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট;

- (গ) জনাব মিরাজুর রহমান খান
 সিনিয়র সহকারী সচিব
 মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

২। দফা ১ এর অধীন গঠিত এডহক কমিটির কার্যপরিধি নিম্নরূপ হইবে, যথা—

- (ক) পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের আওতাধীন দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করা;
 (খ) প্রয়াত মুক্তিযোদ্ধাগণের দাফন বা সৎকারের বিষয়সহ অন্যান্য জরুরী প্রয়োজনে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পরামর্শ/সিদ্ধান্তগ্রন্থে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা।

৩। এই প্রজ্ঞাপন দ্বারা গঠিত এডহক কমিটির সদস্যগণের দায়িত্ব তাহাদের নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে গণ্য হইবে এবং তাহারা সরকারী বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্য হইবেন।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর আদেশক্রমে

মোঃ ইকতেখারুল ইসলাম খান

তারপ্রাণ মহা-পরিচালক।

এ, কে, এম বফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
 মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
 তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।